

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৩৬

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ মদীনার জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক দ্বিতীয় বারাকাহর দু'আ করা প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ دُعَاءِ الْمُصْنَطَفَيِّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِلْمَدِينَةِ بِتَضْعِيفِ الْبَرَكَةِ

আরবী

3736 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الْهَاشِمِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو مَرْوَانَ مُحَمَّدُ بْنُ عُثْمَانَ الْعُثْمَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي حَازِمٍ قَالَ: حَدَّثَنَا الْعَلَاءُ عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ عَنْ أَبِيهِ هُرِيْرَةَ قَالَ: قِيلَ: يَا رَسُولَ اللَّهِ صَاعُنَا أَصْفَرُ الصِّيَعَانِ وَمُدْنَا أَصْفَرُ الْأَمْدَادِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اللَّهُمَّ بَارِكْ لَنَا فِي صَاعِنَا وَمُدِنَا وَقَلِيلِنَا وَكَثِيرِنَا وَاجْعَلْ مَعَ الْبَرَكَةِ بِرَكَتِيْنِ)

الراوي : أبو هريرة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات  
الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 3736 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (3997):

.৩

বাংলা

৩৭৩৬. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলা হয়, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আমাদের সা‘ সবচেয়ে ছোট সা‘, আমাদের মুদ সবচেয়ে ছোট মুদ।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “হে আল্লাহ, আপনি আমাদের সা‘তে বারাকাহ দান করুন। আমাদের অল্ল ও বেশিতে বারাকাহ দান করুন। আমাদের জন্য বারাকার সাথে আরো দুই বারাকাহ দান করুন।”[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৪/১৭১; মুয়াত্তা ইমাম মালিক: ২/৮৮৫; দারেমী: ২/১০৬-১০৭; ইবনু মাজাহ: ৩৩২৯; সহীহ মুসলিম: ১৩৭৪; সহীভুল বুখারী: ১৮৮৫; মুসনাদ আহমাদ: ৩/১৪২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী  
রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৩৯৯৭)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93073>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন